চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি - ১)

এডটকো বাংলাদেশ'র প্রতিনিধি দলের সাথে মতবিনিময়কালে মেয়র

একীভূত এবং প্রমিত মোবাইল নেটওয়ার্ক কাঠামো স্মার্ট সিটির একটি অবিচ্ছেদ্য অংশ

চট্টগ্রাম - ২৯ জুন'২১খ্রি:

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে এডটকো বাংলাদেশ'র প্রতিনিধি দল চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকাতে স্মার্ট সিটি বিষয়ে মতবিনিময় করেন। মতবিনিময়কালে এডটকো বাংলাদেশ'র হেড অব সেলস্ এন্ড মার্কেটিং রিভেন দেওয়ান চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্নস্থানে ৯৮টি পোল স্থাপনের জন্য জায়গা বরাদ্দের কথা বললে মেয়র চসিকের এতে কি রকম লাভ হতে পারে সে সম্পর্কে জানতে চাইলে তিনি মেয়রকে জানান প্রকল্পের আওতায় ফ্রী ওয়াইফাই, স্মার্ট বিনের মাধ্যমে ডিজিটালাইজড বর্জ্য ব্যবস্থাপনার ব্যবস্থা এবং রিয়েল টাইম এয়ার কোয়ালিটি মনিটরিং এর মতো বৈশিষ্টগুলি মূল স্থানে সরবরাহ করা হবে। ইন্টিগ্রেটেড সমাধানে সুরক্ষা নজরদারী, বিদ্যুৎ সাশ্রয়ী এল ই ডি বাল্ব এবং সাইনেজ সম্পর্কিত বিধান থাকবে। এ সময় মেয়র বলেন, চসিক নগরবাসীকে উন্নত শহরের অভিজ্ঞতা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এ ধরণের উদ্যোগের মাধ্যমে চট্টগ্রামকে একটি স্মার্ট সিটিতে রুপান্তরের মধ্য দিয়ে আমরা ডিজিটাল বাংলাদেশ দৃষ্টি অর্জনের এক ধাপ এগিয়ে যাবো। প্রসঙ্গক্রমে তিনি বলেন, মূলত একীভূত এবং প্রমিত মোবাইল নেটওয়ার্ক কাঠামো স্মার্ট সিটির একটি অবিচ্ছেদ্য অংশ। এই ধারণাটি আমাদের নাগরিকদের যে কোন জায়গায় সর্বাধিক এক্সেস যোগাযোগ নিশ্চিত করা হবে। আমরা চাই চট্টগ্রাম এমন একটি শহর হবে যা নগরবাসীকে একটি শহরে বসবাস করার অনুভূতি দেবে যা নিরাপদ এবং সুরক্ষিত থাকবে। মেয়র এডটকো বাংলাদেশকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সিলেট সিটি কর্পোরেশনের সমঝোতা চুক্তির কপি জমা দেয়ার পর পর্যালোচনা করে বিবেচনা করবেন বলে জানান। আজ মঙ্গলবার সকালে টাইগার পাসস্থ অস্থায়ী কার্যালয়ে মেয়র দপ্তরে স্মার্ট সিটি গঠনের লক্ষ্যে এডটকো বাংলাদেশ'র প্রতিনিধি দলের সাথে মতবিনিময়কালে মেয়র এসব কথা বলেন।

এ সময় কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকী, অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. হুমায়ুন কবির চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) ঝুলন কুমার দাশ, উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী, এডটকো বাংলাদেশ'র আঞ্চলিক প্রধান নাজিবুল হক, আফ্রিন আরা সিদ্দিকী, জাহিদুল করিম চৌধুরী, সিনিয়র প্রকৌশলী সাইফুদ্দিন খান চৌধুরী, তৈমুর ইসলাম সহ চসিকের প্রকৌশলীবৃন্দ উপস্থিত ছিলেন।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

চসিক বাজার মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম - ২৯ জুন'২১খ্রিঃ

আজ মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তার কার্যালয়ে চসিক বাজার মনিটরিং স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর আব্দুল মান্নানের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে বাজার পরিচালনা, বাজারের প্রতিটি দোকানে মূল্য তালিকা ও ওজন পরিমাপক যন্ত্র স্থাপন বাধ্যতামূলক, বিভিন্নস্থানে বসা অননুমোদিত/অস্থায়ী বাজার উচ্ছেদ, ইজারাদাররা চুক্তি লংঘন করে অতিরিক্ত হাসিল আদায় প্রতিরোধ করা এবং আসন্ন ঈদ-উল-আযহা'র আগে মেয়র, বাজার মনিটরিং কমিটি, নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং স্পেশাল ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে বাজার পরিদর্শনের সিদ্ধান্ত গৃহিত হয়। সভা শেষে বাজার মনিটরিং কমিটি মেয়রের সাথে সৌজন্য সাক্ষাত করেন।

এ সময় প্যানেল মেয়র আফরোজা কালাম, মো গিয়াস উদ্দীন, কাউন্সিলর হাজী নুরুল হক, ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, নুরুল আলম, আব্দুল বারেক, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, এস্টেট অফিসার মো. জসিম উদ্দিন প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি - ৩)

চান্দগাঁও ও চকবাজার থানা এলাকায় চসিকের মোবাইল কোর্ট অভিযান

চট্টগ্রাম-২৯ জুন'২১খ্রিঃ.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর খুলশী ও চকবাজার এলাকায় করোনাভাইরাসজনিত রোগের বিস্তার রোধে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি অমান্য করে প্রতিষ্ঠান খোলা রাখায় ১০টি প্রতিষ্ঠানকে ৬ হাজার ২ শত টাকা জরিমানা করা হয়। অভিযানে মাস্ক বিহীন লোকজনকে মাস্ক বিতরণ করা হয় এবং জনসাধারণকে মাস্ক পরাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন করা হয়।

আজ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ) জাহানারা ফেরদৌসের নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

(প্রেস বিজ্ঞপ্তি)

নিমতলায় আয়বর্দ্ধক প্রকল্প পরিদর্শন করেন-মেয়র

চট্টগ্রাম-২৯ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চসিকের নিজস্ব ভূ-সম্পতি দিয়ে আয়বর্দ্ধক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। কোন এলাকায় কি ধরণের আয়বর্দ্ধক প্রকল্প বাস্তবায়ন করা যায়, সে জন্য ওয়ার্ড কাউন্সিলরগণের মতামতকে প্রাধান্য দেয়া হবে। তিনি আজ মঙ্গলবার বিকেলে গোসাইডাঙ্গা ওয়ার্ডের নিমতলায় আয়বর্দ্ধক প্রকল্প পরিদর্শনকালে এ কথা বলেন। এ সময় মেয়রের সাথে ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর মো. মোর্শেদ আলী, ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, মো. আবদুল মান্নন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, এস্টেট অফিসার মো. জসিম উদ্দিন চৌধুরী।

মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, আমাদের ওয়ান সিটি টু টাউন ধারণা মাথায় রেখে এখন থেকে কাজ করতে হবে। বে-টার্মিণাল, গভীর সমুদ্র বন্দর, আন্ত.দেশীয় মহাসড়ক ও রেল যোগাযোগ চট্টগ্রাম নগরীর উপর দিয়ে সম্প্রসারণ এবং কর্ণফুলীর তলদেশ দিয়ে ট্যানেল হয়ে গেলে চট্টগ্রাম

নগরী জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক গুরুত্ব বেড়ে যাবে। সর্বোপরি চট্টগ্রাম হয়ে উঠবে দক্ষিণ পূর্ব এশিয়ার অর্থনৈতিক হাব। তিনি ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়গুলোতে যেখানে সুযোগ আছে সেখানে বহুতল ভবন নির্মান এবং কমিউনিটি সেন্টার নির্মান করা হবে বলে জানান।

পরে মেয়র হালিশহর আনন্দবাজারস্থ সিটি কর্পোরেশনের টিজি ও দেওয়ান হাটস্থ চসিক রাজস্ব সার্কেল-৮ পরিদর্শন করেন।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন,
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩